

স্মারক নং ০৫.৪৩.৮১৩১.০০০.০৭.০৮৫.(অংশ-৩).২৩.১০৮৯

তারিখ ১৫ অগস্ট ১৪৩০ বঙ্গাব্দ  
৩০ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

গ্রাম পুলিশ (মহান্দার) পদে নিয়োগ বিজ্ঞপ্তি

রাজশাহী জেলার দুর্গাপুর উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়নের পার্শ্ব উল্লিখিত ওয়ার্ডসমূহে প্রতিটিতে বর্ণিত বেতনে মহান্দার পদে ০১ (এক) জন করে লোক নিয়োগের নিমিত্ত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে।

ক্রম নং	ইউনিয়নের নাম	ওয়ার্ড নং	শূন্য পদের সংখ্যা	বেতন
০১	১ নং নওপাড়া ইউপি	১, ২, ৪	৩	সরকারি অংশ ৩২৫০/- টাকা ইউনিয়ন পরিষদ অংশ ৩২৫০/- টাকা সর্বমোট=৬৫০০/-
০২	৪ নং দেলুয়াবাড়ী ইউপি	৩	১	
০৩	৭ নং জয়নগর ইউপি	৫, ৬	২	

শর্তাবলি:

- ০১। প্রার্থীকে নিজ নাম, পিতা ও মাতার নাম এবং স্থায়ী ও বর্তমান ঠিকানা উল্লেখ করে উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর, রাজশাহী বরাবর স্বহস্তে লিখিত আবেদন দাখিল করতে হবে।
- ০২। আগামী ১৪/১২/২০২৩ তারিখের মধ্যে ডাকযোগে অথবা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি উপস্থিত হয়ে আবেদন দাখিল করা যাবে। তবে ডাকযোগে প্রেরিত কোন আবেদন ১৪/১২/২০২৩ তারিখের পর নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পাওয়া গেলে তা বাতিল বলে গণ্য হবে।
- ০৩। একজন প্রার্থী একাধিক ওয়ার্ডের জন্য আবেদন করতে পারবেন না।
- ০৪। আবেদন জমা দেয়ার শেষ ১৪/১২/২০২৩ তারিখে প্রার্থীর বয়স ১৮ বছর হতে ৩০ বছর হতে হবে।
- ০৫। প্রার্থীকে অবশ্যই কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- ০৬। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে। তবে কোন কারণে সংশ্লিষ্ট ওয়ার্ড হতে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট ইউনিয়নের পার্শ্ববর্তী ওয়ার্ড হতে নিয়োগ করা হবে।
- ০৭। প্রার্থীকে অবশ্যই নিম্নবর্ণিত শারীরিক যোগ্যতা সম্পন্ন হতে হবে :

প্রার্থী	সর্বনিম্ন উচ্চতা	সর্বনিম্ন ওজন	সর্বনিম্ন বুকের মাপ	
			স্বাভাবিক অবস্থায়	সম্প্রসারিত অবস্থায়
পুরুষ	৫ ফুট ২ ইঞ্চি	৫০ কেজি	৩০ ইঞ্চি	৩২ ইঞ্চি
মহিলা	৫ ফুট	৪৫ কেজি	২৮ ইঞ্চি	৩০ ইঞ্চি

- ০৮। আবেদনের সাথে ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি, প্রার্থী সংশ্লিষ্ট ওয়ার্ড/ইউনিয়নের স্থায়ী বাসিন্দা মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদের মূলকপি, বয়সের প্রমাণ স্বরূপ জন্ম সনদ ও জাতীয় পরিচয় পত্রের অনুলিপি দাখিল করতে হবে।
- ০৯। এই নিয়োগের ক্ষেত্রে যোগ্যতায় উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসরপ্রাপ্ত গ্রাম পুলিশ (মহান্দার) এর পুত্র/কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।
- ১০। এই নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত কোটা পদ্ধতি সম্পর্কিত নির্দেশাবলী যতদূর সম্ভব অনুসরণ করা হবে।
- ১১। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ নেই এমন বিষয়ের ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ০৪ মে ২০১৫ তারিখে জারীকৃত স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশবাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এবং ০৩ জুলাই ২০১৭ এর সংশোধিত বিধানাবলী ও সরকার কর্তৃক জারীকৃত এবং বর্তমানে বলবৎ আছে এমন অন্যান্য বিধানাবলী অনুসরণ করা হবে।
- ১২। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন যাতায়াত ভাতা প্রদান করা হবে না।

  
৩০/১১/২৩


মোঃ আব্দুল করিম  
উপজেলা নির্বাহী অফিসার  
দুর্গাপুর, রাজশাহী  
ফোন ৪ ০২৫৮৮-৮৬৮৮০১  
unodurgapurrajshahi@mopa.gov.bd

স্মারক নং ০৫.৪৩.৮১৩১.০০০.০৭.০৮৫.(অংশ-৩).২৩.১০৮৯/১(১২)

তারিখ ১৫ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ  
৩০ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, রাজশাহী
- ২। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
- ৩। উপজেলা .....কর্মকর্তা, দুর্গাপুর, রাজশাহী
- ৪। চেয়ারম্যান, নওপাড়া/কিসমতগঞ্জকৈড়/পানানগর/দেলুয়াবাড়ী/ঝালুকা/মাড়িয়া/জয়নগর ইউনিয়ন পরিষদ, দুর্গাপুর, রাজশাহী
- ৫। নোটিশ বোর্ড
- ৬। অফিস নথি

  
উপজেলা নির্বাহী অফিসার  
দুর্গাপুর, রাজশাহী